



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
E-mail: dgmsme@krishibank.org.bd



নং-বিকেবি-প্রকা/ক্রেডিট-শাখা-০৪(এসএমই)-৭(৫)/২০২০-২০২১/ ২২৮৮ (১২০০)
মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

তারিখ : ২৮/০৩/২০২১

বিষয় : সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণের তথ্যাদি যথাযথভাবে রিপোর্টিং প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগ হতে ০৭/১০/২০২০ তারিখে জারীকৃত ৮৭১(১২০০) নং পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। বর্ণিত পত্রে বাংলাদেশ ব্যাংকের, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের ০৫/০৯/২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০২ মোতাবেক সিএমএসএমই অর্থায়ন সম্পর্কিত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের সংজ্ঞা ও ঋণসীমা এবং সার্কুলারের অনুচ্ছেদ নং-০৩ অনুসারে ২০২৪ সাল অস্ত্রে সিএমএসএমই খাতভিত্তিক বিভাজন যথাক্রমে উৎপাদনশীল শিল্পে অন্ত্যন ৪০%, সেবা শিল্পে অন্ত্যন ২৫% ও ব্যবসা উদ্যোগে সর্বোচ্চ ৩৫% অর্থায়ন করার নির্দেশনা রয়েছে। মার্চ কার্যালয় কর্তৃক সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণের সাপ্তাহিক, মাসিক/ত্রৈমাসিক বিবরণী পর্যালোচনা করে দেখা যায় ঋণ বিতরণের ক্ষেত্রে উল্লেখিত আনুপাতিক হার এবং কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের সংজ্ঞা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না। ১৮/০৩/২০২১ তারিখ ভিত্তিক প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ হতে সংগৃহীত বিভাগওয়ারী সাপ্তাহিক বিবরণীর তথ্যাদি নিম্নরূপঃ।

(কোটি টাকায়)

ক্রঃ নং	বিভাগের নাম	২০২০-২০২১ অর্থবছরে এসএমই ঋণ বিতরণের বার্ষিক লক্ষ্যমাত্রা					১৮/০৩/২০২১ তারিখ ভিত্তিক খাতওয়ারী ঋণ বিতরণ					বিতরণকৃত মোট ঋণের অনুপাতিক হার
		প্রকল্প	চলতি মূলধন/নগদ পুঁজি				প্রকল্প	চলতি মূলধন/নগদ পুঁজি				
০১	০২		উৎপাদন শীল	সেবা শিল্প	ব্যবসা উদ্যোগ	মোট		উৎপাদন শীল	সেবা শিল্প	ব্যবসা উদ্যোগ	মোট	
০১	ঢাকা	৪০.০০	২৬৫.০০	২৫০.০০	২৪০.০০	৭৫৫.০০	০.৬৭	১৯.৫১	৯.১০	৩১৯.২৬	৩৪৭.৮৭	উৎপাদনশীল ৬%, সেবা ৩%, ট্রেডিং ৯১%
০২	ময়মনসিংহ	৩৫.০০	১০০.০০	১০০.০০	৯০.০০	২৯০.০০	১.৮৭	০.৮৭	৪৫.০৫	১১৬.৭২	১৬২.৬৪	উৎপাদনশীল ১%, সেবা ২৭%, ট্রেডিং ৭২%
০৩	চট্টগ্রাম	৬৫.০০	৯০.০০	১১০.০০	৮৫.০০	২৮৫.০০	৪.৫৮	১৬.৩৯	১০.৭৬	১২৮.৯১	১৫৬.০৬	উৎপাদনশীল ১০%, সেবা ৭%, ট্রেডিং ৮৩%
০৪	খুলনা	৩৫.০০	১১০.০০	১০৬.০০	১০৪.০০	৩২০.০০	০.১১	২৬.৯৩	৩.১৬	১১৩.৪০	১৪৩.৪৯	উৎপাদনশীল ১৯%, সেবা ২%, ট্রেডিং ৭৯%
০৫	বরিশাল	৩৫.০০	৪৫.০০	৩০.০০	৩৯.৫০	১১৪.৫০	০.১৪	০.০০	০.০০	৮০.৬২	৮০.৬২	উৎপাদনশীল শূন্য%, সেবা শূন্য %, ট্রেডিং ১০০%
০৬	সিলেট	৩৫.০০	৮০.০০	৫০.০০	৭০.০০	২০০.০০	২.৯৮	১৪.০৭	৩.৯৬	৯১.০৫	১০৯.০৮	উৎপাদনশীল ১৩%, সেবা ৪%, ট্রেডিং ৮৩%
০৭	কুমিল্লা	৩৫.০০	২০০.০০	৩০.০০	১৭৪.৫০	৪০৪.৫০	৪.৩৩	৪৩.২৫	২১.২৯	১২১.৭৯	১৮৬.৩৩	উৎপাদনশীল ২৩%, সেবা ১২%, ট্রেডিং ৬৫%
০৮	ফরিদপুর	৩৫.০০	১২০.০০	৫০.০০	১১০.০০	২৮০.০০	৩.১৪	১৯.৭৫	৫.৫৯	১০৫.১৯	১৩০.৫৩	উৎপাদনশীল ১৫%, সেবা ৪%, ট্রেডিং ৮১%
০৯	কুষ্টিয়া	৩৫.০০	১৭০.০০	৪০.০০	১৪৭.০০	৩৫৭.০০	২.৬৪	১৪.০৭	২.৬৩	১৮১.৬৭	১৯৮.৩৭	উৎপাদনশীল ৭%, সেবা ১%, ট্রেডিং ৯২%
১০	এলাপিও	৫০.০০	৬০.০০	৯.০০	২৫.০০	৯৪.০০	০.০০	১৯.৫২	০.০০	১০১.০৫	১২০.৫৭	উৎপাদনশীল ১৬%, সেবা শূন্য %, ট্রেডিং-৮৪%
	মোটঃ	৪০০.০০	১২৪০.০০	৭৭৫.০০	১০৮৫.০০	৩১০০.০০	২০.৪৬	১৭৪.৩৬	১০১.৫৪	১৩৫৯.৬৬	১৬৩৫.৫৬	উৎপাদনশীল ১১% সেবা ৬%, ট্রেডিং ৮৩%

উপরোক্ত সারণী পর্যালোচনায় দেখা যায়ঃ

- (ক) অত্র ব্যাংকের মার্চ কার্যালয়সমূহ ১৮/০৩/২০২১ তারিখ ভিত্তিক এসএমই'র আওতায় ঋণ বিতরণ করা হয়েছে মোট ১৬৫৬.০২ কোটি টাকা। তন্মধ্যে উৎপাদনশীল শিল্পে ১৭৪.৩৬ কোটি টাকা, সেবা শিল্পে ১০১.৫৪ কোটি টাকা এবং ব্যবসা উদ্যোগে ১৩৫৯.৬৬ কোটি টাকা। বিতরণকৃত ঋণের আনুপাতিক হার উৎপাদনশীল শিল্পে ১১%, সেবা শিল্পে ৬%, ব্যবসা উদ্যোগে ৮৩%।
- (খ) উৎপাদনশীল ও সেবা শিল্পে বেশী গুরুত্ব দিয়ে ঋণ বিতরণের নির্দেশনা থাকলেও অত্র ব্যাংকের মার্চকার্যালয়সমূহ কর্তৃক ব্যবসা উদ্যোগে বেশী গুরুত্ব দিয়ে ঋণ বিতরণ করা হয়েছে। বরিশাল বিভাগ বিতরণকৃত ঋণের শতভাগই ব্যবসা উদ্যোগে বিতরণ করেছে। এছাড়া প্রায় সকল বিভাগই উৎপাদনশীল শিল্প ও সেবা শিল্পে ঋণ বিতরণে পিছিয়ে থাকলেও ব্যবসা উদ্যোগে লক্ষ্যমাত্রার ১০০% এর বেশী ঋণ বিতরণ করেছে।

৯৮


বিষয় : সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণের তথ্যাদি যথাযথভাবে রিপোর্টিং প্রসংগে।

০৩। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগের ০৫/০৯/২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং ০২ এর নির্দেশনা মোতাবেক সিএমএসএমই নীট ঋণ ও অগ্রিম স্থিতির খাতভিত্তিক ঋণ বিভাজন হতে হবে উৎপাদনশীল শিল্পে অনূন ৪০%, সেবা শিল্পে অনূন ২৫% ও ব্যবসা উদ্যোগে সর্বোচ্চ ৩৫%। ব্যবসা উদ্যোগে সর্বোচ্চ ৩৫% ঋণ বিতরণের নির্দেশনা থাকলেও অত্র ব্যাংকের ১৮/০৩/২০২১ তারিখ ভিত্তিক বিতরণকৃত ঋণের ৮৩% ব্যবসা উদ্যোগে বিতরণ করা হয়েছে যা কোনভাবেই কাম্য নয়। ব্যবসা উদ্যোগে ৩৫% এর অধিক ঋণ বিতরণ করা হলে তা সিএমএসএমই ঋণ হিসাবে প্রদর্শনের সুযোগ নেই। মাঠ পর্যায় হতে প্রাপ্ত বিবরণী মোতাবেক মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংকে তথ্য প্রেরণে সমস্যা সৃষ্টি হচ্ছে এবং অত্র ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে।

০৪। এমতাবস্থায়, অত্র ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমই ঋণ নীতিমালা (পরিকল্পনা ও পরিচালন (প্রবাবি) পরিপত্র নং - ২৬/২০১০ তারিখ ৩০/১১/২০১০), বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সিএমএসএমই সংক্রান্ত মাস্টার সার্কুলার (এসএমইএসপিডি সার্কুলার নং-২, তারিখ ০৫/০৯/২০১৯) এবং সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশনা অনুযায়ী খাতভিত্তিক নির্ধারিত আনুপাতিক হার যথাযথ অনুসরণপূর্বক ঋণ বিতরণ এবং তদানুযায়ী প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। বিভাগীয় মহাব্যবস্থাপকগণ ও অঞ্চল প্রধানগণ এ বিষয়ে শাখাসমূহকে প্রয়োজনীয় পরামর্শ/ দিক নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,


(মোহাম্মদ মঈনুল ইসলাম)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৫০৪০৩

নং-বিকেবি-প্রকা/ক্রঃবিঃ-শাখা-০৪(এসএমই)-৭(৫)/২০২০-২০২১/ ২২৬৯(১২৮)

তারিখঃ এ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. উপ- মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা (বিভাগীয় কার্যালয়/ মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ে সাপ্তাহিক প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তাদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
০৫. সকল উপ- মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. উপ- মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা (পত্রখানি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
০৭. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯. নথি/ মহানথি।


26/06/2022
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ক্রেডিট বিভাগ

E-mail: dgmsme@krishibank.org.bd



নং-বিকেবি-প্রকা/ক্রেডিবিঃ-শাখা-০৪(এসএমই)-৬(১)/২০২০-২১/ ৮৭১ (০২০০)

তারিখ : ৭.১০.২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/ স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় : সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণের তথ্যাদি যথাযথভাবে রিপোর্টিং প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের ০৫/০৯/২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এবং অত্র ব্যাংকের শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ০১/১০/২০২০ তারিখের পত্র নং- প্রকা/শানিব্যউবি-১(০৪)/২০২০-২০২১/৫৪৩(১২৫০) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত উক্ত সার্কুলার মোতাবেক সিএমএসএমই অর্থায়ন সম্পর্কিত কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের সংজ্ঞা ও ঋণসীমা এবং সার্কুলারের অনুচ্ছেদ নং-০৩ অনুসারে উৎপাদনশীল শিল্পে অন্যান্য ৪০%, সেবা শিল্পে অন্যান্য ২৫% ও ব্যবসা খাতে সর্বোচ্চ ৩৫% অর্থায়ন করার নির্দেশনা রয়েছে। মার্ট কার্যালয় কর্তৃক সিএমএসএমই খাতে বিতরণকৃত ঋণের মাসিক/ত্রৈমাসিক বিবরণী পর্যালোচনা করে দেখা যায় ঋণ বিতরণের ক্ষেত্রে উল্লেখিত আনুপাতিক হার এবং কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগের সংজ্ঞা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না। উৎপাদনশীল শিল্পে অন্যান্য ৪০%, সেবা শিল্পে অন্যান্য ২৫% ও ব্যবসা খাতে সর্বোচ্চ ৩৫% (ব্যবসা খাতে ৩৫% এর অধিক বিতরণ করা হলে তা সিএমএসএমই অর্থায়নের অন্তর্ভুক্ত হবে না) বিতরণের উল্লেখ করার জন্য বলা হলেও তা অনুসরণ না করে ব্যবসা খাতেই মোট বিতরণের বেশির ভাগ প্রতিবেদনে প্রদর্শিত হচ্ছে যা মোটেও কাম্য নয়। ফলে মন্ত্রণালয় ও বাংলাদেশ ব্যাংক তথ্য প্রেরণে সমস্যা সৃষ্টি এবং অত্র ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে।

০৩। এমতাবস্থায় এসএমই এর আওতায় অর্থায়নের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস বিভাগের ০৫/০৯/২০১৯ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০২ এর নির্দেশনা অনুযায়ী নিধারিত খাতভিত্তিক আনুপাতিক হার যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এছাড়াও প্রতিমাসের শেষ সাপ্তাহিক প্রতিবেদনের সাথে সামঞ্জস্যপূর্ণ তথ্য প্রদর্শন করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

সহকারী মহাব্যবস্থাপক

(বিভাগীয় দায়িত্বে)

ফোন : ৯৫৫০৪০৩

তারিখঃ এ

নং-বিকেবি-প্রকা/ক্রেডিবিঃ-শাখা-০৪(এসএমই)-৬(১)/২০২০-২১/ ৮৭১ (০২০০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১. চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. চীফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. চীফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬. সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭. নথি/মহানথি।

(মোঃ নাজমুল করিম চৌধুরী)
সহকারী মহাব্যবস্থাপক